



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।

Phone: +8802334487587


Email : crmchandpur@krishibank.org.bd

বিষয় : এপ্রিল, ২০২২ হতে জুন, ২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ ফাতেহু খান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক।
তারিখ ও সময়	:	১৬/০৬/২০২২ খ্রি. সন্ধ্যা ৬.০০ ঘটিকা।
স্থান	:	মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।
উপস্থিতি	:	প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যগনসহ সভাপতি মহোদয়।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সভাপতি মহোদয় শুদ্ধাচার নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ ১০০% বাস্তবায়নের জন্য অঞ্চলের শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নিরলস ও আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান।

- ০২। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় :
 - ৩.১) আসন্ন জুন, ২০২২ বার্ষিক হিসাব সমাপনী সুষ্ঠুভাবে সম্পাদন এবং বার্ষিক সকল লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।
 - ৩.২) সকল গ্রাহকের ৭টি মৌলিক তথ্য সিবিএস এ হালনাগাদ করার কাজটি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সম্পাদন করতে হবে।
 - ৩.৩) রেমিট্যান্স সেবা মাস-২০২২ বাস্তবায়ন এবং আসন্ন ঈদ-উল-আযহা কে সামনে রেখে অধিক পরিমাণ রেমিট্যান্স ও আমানত সংগ্রহের পরিমাণ বৃদ্ধি করতে হবে।
 - ৩.৪) ব্যাংক বিধি ও বিদ্যমান নীতিমালার আলোকে সততা, স্বচ্ছতা ও দ্রুততার সাথে কাজ সম্পাদন করতে হবে।
 - ৩.৫) শাখা/কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধিমালা অনুসরণ এবং ব্যক্তিক পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে সচেতন থাকতে হবে।
 - ৩.৬) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পরবর্তী নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।
- ০৩। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ফাতেহু খান)
২৭/০৬/২২
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভার সভাপতি

নং-মু:আ:কা:(চাঁদ)প্রশা-১২১/জাতীয় শুদ্ধাচার-০১/২০২১-২০২২/৩০৪৭

তারিখ : ২৭.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, চাঁদপুর মুখ্য অঞ্চল, চাঁদপুর।


২৭/০৬/২০২২

মুখ্য আঞ্চলিক
কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।